# প্রবন্ধ আহ্বান

## শ্রীকৃষ্ণ কলেজের ইতিহাস (১৯৫০-২০২৫)

(৭৫ বছরের গৌরবগাথা উপলক্ষে বিশেষ সংকলন)

শ্রীকৃষ্ণ কলেজ
SRIKRISHNA COLLEGE

প্রিয় ছাত্র-ছাত্রী, প্রাক্তনী, অধ্যাপক-অধ্যাপিকা, শিক্ষানুরাগী, গবেষক, গ্রন্থাগারিক, শিক্ষাকর্মী এবং শ্রীকৃষ্ণ কলেজের হিতচিন্তকবৃন্দ, শ্রীকৃষ্ণ কলেজের ৭৫ বছরের গৌরবময় যাত্রাকে স্মরণীয় করে রাখার উদ্দেশ্যে প্রকাশিতব্য বিশেষ সংকলনমূলক স্মারক গ্রন্থ "শ্রীকৃষ্ণ কলেজের ইতিহাস (১৯৫০-২০২৫)"-এর জন্য প্রবন্ধ আহ্বান করা হচ্ছে। গ্রন্থটিতে স্থান পাবে প্রতিষ্ঠালগ্ন থেকে বর্তমান সময় পর্যন্ত কলেজের উজ্জ্বল ইতিহাস—শিক্ষাক্ষেত্রে অর্জন ও সাফল্য, সাংস্কৃতিক ও সাহিত্যিক অবদান, প্রশাসনিক উন্নয়নের ধারা, ছাত্র আন্দোলনের ভূমিকা, প্রাক্তনী ও শিক্ষকদের স্মৃতিচারণা এবং সমাজ গঠনে কলেজের সক্রিয় অবদান। এই উদ্দেশ্যে শিক্ষক-শিক্ষিকা, গবেষক, প্রাক্তনী ও বর্তমান শিক্ষার্থীদের কাছ থেকে প্রবন্ধ, স্মৃতিচারণা, আলোকচিত্র, আর্কাইভাল নথি এবং ভাবনামূলক নিবন্ধ আন্তরিকভাবে আহ্বান জানানো হচ্ছে।

### প্রবন্ধের সম্ভাব্য বিষয়সমূহ:

- শ্রীকৃষ্ণ কলেজের প্রতিষ্ঠা ও প্রাথমিক ইতিহাস
- প্রখ্যাত অধ্যাপক ও তাঁদের অবদান
- প্রতিষ্ঠানের বৃদ্ধি: বিভাগ, অবকাঠামো ও নতুনত্ব
- ছাত্রজীবন: ইউনিয়ন, সাংস্কৃতিক কার্যক্রম, NSS/NCC ও ক্রীড়া প্রাক্তনীদের স্মৃতিচারণা ও কৃতিত্ব
- কলেজ ও সমাজ-রাজনীতির সম্পর্ক
- মৌখিক ইতিহাস ও ব্যক্তিগত অভিজ্ঞতা
- দুর্লভ আর্কাইভ ও আলোকচিত্র
- ভবিষ্যতের স্বপ্ন (২০২৫-এর পরবর্তী দিশা)




### জমাদান সংক্রান্ত নির্দেশাবলি

- শব্দসীমা: ৩৫০০-৫০০০
- ভাষা: বাংলা (ইউনিকোড)
- ফরম্যাট: MS Word (doc/docx)
- ছবি/নথি যুক্ত করা যাবে (ক্যাপশনসহ)
- প্রবন্ধ জমা দেওয়ার শেষ তারিখ: 30 November (Sunday), 2025

### গ্রন্থ সম্বন্ধে:

শ্রীকৃষ্ণ কলেজের ইতিহাস (১৯৫০-২০২৫) হবে এক অমূল্য দলিল, যেখানে লিপিবদ্ধ থাকবে সাত দশকেরও বেশি সময় ধরে গড়ে ওঠা এক শিক্ষাপ্রতিষ্ঠানের ঐতিহ্য। এটি ভবিষ্যৎ প্রজন্মের জন্য প্রেরণার উৎস হয়ে থাকবে। গ্রন্থটি গ্রন্থাগার, শিক্ষা প্রতিষ্ঠান, প্রাক্তন ছাত্রছাত্রী মহল ও গবেষক সমাজে প্রচারিত হবে। ইতিহাস রচনায় অংশ নিন—আপনার লেখা দিয়ে সমৃদ্ধ করুন এই বিশেষ সংকলন!

### যোগাযোগ:

**Dr. Rajib Sinha**
প্রবন্ধ পাঠাতে হবে—
[rajib@srikrishnacollegebagula.ac.in]

প্রকাশক:
**শ্রীকৃষ্ণ কলেজ পাবলিশার্স**
বগুলা, নদিয়া, পশ্চিমবঙ্গ, ভারত

অধ্যক্ষ :
**ড. শুকদেব ঘোষ**
শ্রীকৃষ্ণ কলেজ